আমাদের গণিত



আমাদের গণিত

দ্বিতীয় ভাগ

হাবড়া থানা প্রাথমিক শিক্ষক সমিতি

পরিবেশক
বাণী নিকেতন
হাবড়া,
২৪-পরগণা

প্রাপ্তিস্থান
বান্ধব লাইব্রেরী—গুমা
ছাত্রবন্ধু লাইব্রেরী—লক্ষ্মীপুল
মা লাইব্রেরী—মসলন্দপুর

মূল্য—১·৮৮

(ড) ১১০	(ঢ) ৫২১	(ণ) ৩৯
২১৫	৩৭৪	২৪০
৩৭৮	২১৩	৭

৪। বিয়োগ কর :—

(ক) ২৮	(খ) ৮৬	(গ) ৬৭	(ঘ) ৭৮
২৩	৩২	৫৫	৪৫
(ঙ) ৯৮	(চ) ৮১	(ছ) ৮৫	(জ) ৯৯
৬০	৭২	৩০	২৯
(ঝ) ৪৭	(ঞ) ৯৪	(ট) ৮৭	(ঠ) ১০০
২৮	৪৪	৬৩	২৯

৫। তোমার কাছে ১৫টি মার্বেল ও তোমার ভাইএর কাছে ২৬টি মার্বেল আছে। তোমাদের দুইজনের কাছে মোট কতগুলি মার্বেল আছে ?

৬। তোমাদের শ্রেণীতে ৩৬ জন বালক ও ২৪ জন বালিকা আছে। তোমাদের শ্রেণীতে মোট কতজন বালক বালিকা আছে ?

৭। একটি স্কুলে প্রথম শ্রেণীতে ৫২ জন ও ৪র্থ শ্রেণীতে ৪০ জন ছাত্রছাত্রী আছে। ঐ দুই শ্রেণীতে মোট কতজন ছাত্রছাত্রী আছে ?

৮। তোমাদের শ্রেণীতে ৫৫ জন ছাত্রছাত্রী আছে। তার মধ্যে আজ ১৩ জন ছাত্রছাত্রী অনুপস্থিত হইয়াছে। কত জন ছাত্রছাত্রী আজ শ্রেণীতে উপস্থিত আছে ?

৯। তোমাদের বিদ্যালয়ের মোট বালক বালিকার সংখ্যা

২৮৫ জন। তার মধ্যে বালিকার সংখ্যা ৮৪ জন হইলে বালকের সংখ্যা কত ?

১০। তোমার নিকট ২৫টি মার্বেল আছে। তুমি উহা হইতে তোমার ভাইকে ১২টি দিলে। তোমার নিকট আর কয়টি মার্বেল থাকল ?

১১। তোমার বয়স ৭ বৎসর। তোমার দাদার বয়স ১১ বৎসর। তুমি তোমার দাদার চেয়ে কত বৎসরের ছোট ?

১২। তোমার নিকট ৩৫টি পয়সা ছিল। ২০ পয়সা দিয়ে তুমি একটি খাতা কিনেছ। তোমার নিকট এখন কয়টি পয়সা আছে ?

সংখ্যা লেখা ও পড়ার নিয়ম :—

(১০০০ হাজার পর্যন্ত)

আমরা প্রথম শ্রেণীতে ১০০ পর্যন্ত সংখ্যা লিখতে ও পড়তে শিখেছি। এই শ্রেণীতে আরও বড় সংখ্যা শিখতে হবে।

১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ০ দিয়ে ছোট বড় সমস্ত রকমের অঙ্ক লেখা যায়। এই অঙ্কগুলি বিভিন্ন ভাবে সাজিয়ে এক একটি নতুন সংখ্যা তৈরী হয়।

এক অঙ্কের দ্বারা যে সংখ্যা প্রকাশ করা হয়, তাহা একক ; কিন্তু শূন্য দ্বারা কোন সংখ্যা প্রকাশ করা যায় না। শূন্য যখন একা থাকে অথবা কোন সংখ্যার বা দিকের শেষে থাকে তখন তার কোন মূল্য হয় না। সেই জন্য কোন সংখ্যার বা দিকে শূন্য বসে না।

শূন্যের নিজস্ব কোন মূল্য না থাকলেও কোন সংখ্যার ডান দিকে বসলে ঐ সংখ্যার মূল্য ১০ গুণ বেড়ে যায়। যেমন ১ এর পরে একটি শূন্য বসলে ১০ হয় তেমনি ২ এর ডাইনে একটি শূন্য বসলে

সূচীপত্র

আমাদের গণিত

দ্বিতীয় ভাগ

পূর্ব পাঠের পুনরালোচনা

দ্বিতীয় শ্রেণীতে অঙ্ক শিখবার সুবিধার জন্য প্রথম শ্রেণীতে আমরা যে সব নিয়মের অঙ্ক শিখেছি তার কিছু কিছু এখানে আবার আলোচনা করছি।

প্রশ্নমালা—১

১। অঙ্কে লিখ :—পাঁচ, আট, ষোল, পনের, পয়তাল্লিশ, উনত্রিশ, চৌত্রিশ, পয়ষট্টি, পঞ্চাশ, ছিয়ানব্বই, একশত সাতাত্তর।

২। কথায় লিখ :—১৬, ৫০, ৮৬, ২৬, ৪২, ৯৯, ৩৫, ৮১, ৭৪, ৬২।

৩। যোগ কর :—

(ক)	(খ)	(গ)	(ঘ)
২২	২৩	৮৫	৩৬
২৪	২৭	৫৮	৭২

(ঙ)	(চ)	(ছ)	(জ)
৯২	৭০২	২৫	২১
৭৫	৮৬	৩৬	৫০
		২৭	৯

(ঝ)	(ঞ)	(ট)	(ঠ)
৬২	১৩	২০	৬
৩৭	৩২	৬০	২২
৪৪	৮৮	৯০	৮

২ এর ১০ গুণ ২০ হয় এবং ১০ ও ২০ এর পরে একটি করে শূন্য বসলে ১০ এর দশ গুণ বেড়ে ১০০ এবং ২০ এর দশগুণ বেড়ে ২০০ হয়। নিচের ছকটি হইতে শূন্য ও তাহার কাজ সম্বন্ধে পরিষ্কার ধারণা জন্মিবে।

	শতক	দশক	একক
এখানে শূন্যের মূল্য নাই			০
এখানে ১ এর ডান দিকে বসে ১০		১	০
এখানে ২ এর ডান দিকে বসে ২০		২	০
এখানে ১০ এর ডান দিকে বসে ১০০	১	০	০
এখানে ২০ এর ডান দিকে বসে ২০০।	২	০	০

শূন্যের দ্বিতীয় কাজ একক, দশক, শতক, সহস্র প্রভৃতি কোন একটি ঘরে যদি অঙ্কের উল্লেখ না থাকে তবে সেখানে বসে। কারণ অঙ্কের মাঝে কোন ঘর বাদ দেওয়া যায় না; দিলে অঙ্কের মান বা ঘর ঠিক থাকেনা।

দুই অঙ্ক :—দুইটি অঙ্কের দ্বারা যে সংখ্যা লেখা হয় তাহার বাম দিকের অঙ্কটিকে দশকের অঙ্ক ও ডানদিকের অঙ্কটিকে এককের অঙ্ক বলা হয়।

যেমন :—

দশক	একক
৫	৬

দুই অঙ্কের সবচেয়ে ছোট সংখ্যা ১০ ও সব চেয়ে বড় সংখ্যা ৯৯।

তিন অঙ্ক :—৯৯ এর পরের সংখ্যা ১০০। ১০০ লিখতে তিনটি অঙ্ক দরকার। তিন অঙ্কের সংখ্যাটির বাম দিকের প্রথম অঙ্কটি শতকের, তারপরটি দশকের এবং শেষের অঙ্কটি এককের।

	শতক	দশক	একক
একশত বার	১	১	২
দুইশত চুরাশি	২	৮	৪
দুইশত ছয়	২	০	৬

তিন অঙ্কের সবচেয়ে ছোট সংখ্যা ১০০ ও সবচেয়ে বড় সংখ্যা ৯৯৯।

চার অঙ্ক :—৯৯৯ এর পরের সংখ্যাটি ১০০০। হাজার লিখতে ৪টি অঙ্কের দরকার। চার অঙ্কের সব চেয়ে ছোট সংখ্যা ১০০০ ও সব চেয়ে বড় সংখ্যা ৯৯৯৯। চার অঙ্কের বা দিকের অঙ্কটিকে সহস্রের অঙ্ক তার পরের অঙ্কটিকে শতকের অঙ্ক, তার পরেরটি দশকের ও শেষের অঙ্কটিকে এককের অঙ্ক বলা হয়।

সহস্র	শতক	দশক	একক

প্রশ্নমালা—২

১। কথায় লিখ :—

(ক) ২৮ (খ) ৯৭ (গ) ৬৫ (ঘ) ১০৫ (ঙ) ২৪২ (চ) ৪৩৬ (ছ) ১০০ (জ) ১০১ (ঝ) ৯৮৭ (ঞ) ৬৪৪ (ট) ৮৮৮ (ঠ) ৪৪৪ (ড) ২৫০টি কুল (ঢ) ২২৫টি কলা (ণ) ৪৬৭টি মার্বেল (ত) ২৭টি পাখী (থ) ৯৮ জন লোক (দ) ৭৮৭টি ভেড়া (ধ) ১০০০টি বালক (ন) ২৫৮৩টি লিচু (প) ৩৭৯৬টি কমলালেবু।

২। অঙ্কে লিখ :—

(ক) ষোল (খ) সাতাশ (গ) একশত তের (ঘ) দুইশত উনত্রিশ (ঙ) চারশত ছিয়াশি (চ) পাঁচশত উনচল্লিশখানা বই (ছ) ছয়শত ছাব্বিশটি পেন্সিল। (জ) আটশত জন বালক বালিকা (ঝ) এক হাজার এক টাকা (ঞ) পাঁচ হাজার পঁচিশটি কলা।

৩। এককের অঙ্ক দশক স্থানে এবং দশকের অঙ্ক একক স্থানে লেখ এবং উহা কথায় প্রকাশ কর।

(ক) ২৮ (খ) ৮২ (গ) ৪৬ (ঘ) ৩৭ (ঙ) ৫০ (চ) ৩৩০ (ছ) ৭০১ (জ) ৪৯২ (ঝ) ৬০০ (ঞ) ৫২৯৪ (ট) ৯৮৭২ (ঠ) ১৭৩৯।

৪। একটি বালককে পাঁচশত বিরাশি লিখতে বলায় সে এককের অঙ্ক দশক স্থানে এবং দশক অঙ্ক একক স্থানে লিখল, সে কোন অঙ্কটি লিখল দেখাও।

৫। শিক্ষক মহাশয় সতীশকে সাতশত সাত লিখতে বললেন। সতীশ ৭০০৭ অঙ্কটি লিখল। সে কি ভুল না ঠিক লিখেছিল? অঙ্ক কষে দেখাও সেকি ভুল করেছে, না ঠিক করেছে?

জোড় ও বিজোড় সংখ্যা

০ থেকে ৯ পর্যন্ত সংখ্যাগুলির জোড় সংখ্যাগুলি হ'ল ০, ২, ৪, ৬, ও ৮, যে কোন সংখ্যার এককের ঘরে ০, ২, ৪, ৬ ও ৮ থাকলে তাকে জোড় সংখ্যা বলে। সেইরূপ ১, ৩, ৫, ৭, ৯ সংখ্যাগুলি বিজোড় সংখ্যা এবং যে কোন সংখ্যার এককের ঘরে ১, ৩, ৫, ৭, ৯ থাকলে তাকে বিজোড় সংখ্যা বলে।

সংখ্যা উল্টিয়ে লেখা বা সংখ্যা গঠন

উদাহরণ ১। ৪, ৩, ২ এই অঙ্ক দিয়া কি কি সংখ্যা গঠন করা যায় দেখ।

৪ ৩ ২ ৪ ২ ৩ ৩ ৪ ২ ৩ ২ ৪ ২ ৪ ৩ ২ ৩ ৪	এই ৬টি সংখ্যা গঠন করতে পারি। নিয়ম :—এক একটি করে অঙ্ক নাও। ইহার ডানদিকে অন্য অঙ্কগুলি স্থান পরিবর্তন করে বসাও।

আবার নিচের ছকটি লক্ষ্য কর :—

উহাতে যে সংখ্যাগুলি ব্যবহার করা হয়েছে, তার যদি একটি "০" হয় তবে কি পরিবর্তন ঘটে? তখন আর ছয়টি সংখ্যা লেখা যায় না। কারণ "০" টি বাদিকে শতকের ঘরে বসে না।

যেমন :—৫, ০, ৮

৮ ৫ ০ ৮ ০ ৫ ৫ ০ ৮ ৫ ৮ ০ ০ ৮ ৫ ০ ৫ ৮	ব্যাখ্যা "০" শতকের ঘরে দেওয়ায় উহা বাদ গেল। কারণ বামে শূন্য বসে না।

বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন

তোমরা পূর্বেই এক থেকে চার অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাগুলি কি কি জানতে পেরেছ। এইবার কয়েকটি অঙ্ক দ্বারা বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা কিরূপে গঠন করতে হয় জানতে পারবে।

নিয়ম :—কয়েকটি অঙ্ক দ্বারা বৃহত্তম সংখ্যা গঠন করতে হ'লে সকলের বা দিকে সবচেয়ে বড় অঙ্কটি বসবে। তার পরের বড় অঙ্কটি ঐ অঙ্কের ডান পাশে বসবে। এইরূপে বড় অঙ্কগুলি ক্রমান্বয়ে ডান পাশে বসিয়ে গেলে সবচেয়ে বড় অঙ্কটি পাওয়া যাবে।

উদাহরণ ১। ২, ৮, ৪ এই তিনটি অঙ্ক দ্বারা বৃহত্তম সংখ্যা গঠন কর।

এখানে ৮ সবচেয়ে বড় তারপর ৪ ও তারপর ২। সুতরাং এখানে বৃহত্তম সংখ্যা ৮৪২ এইরূপ ৭, ২, ৮ ও ৪ অঙ্ক কয়টি দ্বারা গঠিত সংখ্যার মধ্যে বৃহত্তম সংখ্যা ৮৭৪২।

ক্ষুদ্রতম সংখ্যা গঠন :—কয়েকটি অঙ্ক দ্বারা ক্ষুদ্রতম সংখ্যা গঠন করতে হলে সকলের বা দিকে সব চেয়ে ছোট অঙ্কটি বসাবে পরবর্তী যে অঙ্কটি ছোট উহার ডান দিকে বসাবে। এইভাবে পর পর বসিয়ে গেলেই ক্ষুদ্রতম সংখ্যাটি গঠিত হবে।

উদাহরণ ২। ২, ৮, ৪ এই তিনটি অঙ্ক দ্বারা গঠিত ক্ষুদ্রতম সংখ্যাটি দেখাও।

এই তিনটি অঙ্কের মধ্যে সবচেয়ে ছোট ২ তারপর ৪ সুতরাং ক্ষুদ্রতম সংখ্যা ২৪৮।

উদাহরণ ৩। ৭, ২, ৮, ৪ এই চারিটি অঙ্কের মধ্যে সবচেয়ে ছোট ২ তারপর ৪ ও তারপর ৭, সুতরাং ক্ষুদ্রতম সংখ্যা ২৪৭৮।

প্রশ্নমালা—৩

জোড় সংখ্যাগুলি লেখ :—

১। ২ থেকে ১৬
২। ২৪ থেকে ৪০
৩। ৫০ থেকে ৭৮
৪। ৮০ থেকে ১০০

বিজোড় সংখ্যাগুলি লেখ :—

৫। ৩ থেকে ৯
৬। ১১ থেকে ১৯
৭। ২১ থেকে ২৭
৮। ৬১ থেকে ৮৫

৯। জোড় ও বিজোড় সংখ্যাগুলি দেখাও—

১, ১০, ৯, ১১, ৬২, ৬৬, ১৩, ৪০, ৯১, ৮৪, ৯৫।

১০। ৩, ৭, ২ এই তিনটি অঙ্ক দ্বারা কি কি সংখ্যা গঠন করা যায় দেখাও।

১১। ৫, ৩, ৬ এই তিনটি অঙ্ক দ্বারা ক্ষুদ্রতম ও বৃহত্তম সংখ্যা গঠন কর।

যোগ করিবার নিয়ম :—

+ এই চিহ্নটিকে যোগ চিহ্ন বলা হয়।

= এই চিহ্নটিকে সমান চিহ্ন বলা হয়।

যেমন ১০ + ১২ + ৫ = ২৭

মনে কর বাজার থেকে তোমার বাবা ২৫টি তোমার কাকা ১৭টি ও তোমার দাদা ১০টি আম এনেছে। এখন তোমাদের মোট

কতগুলি আম হ'ল। তাহা যোগের সাহায্যে কেমন করে পাওয়া যাবে দেখ :—

দশক	একক
২	৫
১	৭
১	০
৫	২

প্রথমে ২৫, ১৭, ও ১০ এই সংখ্যাগুলিকে দশক ও একক ক্রমে নীচে নীচে রেখে একটা দাগ টান। ডান দিক থেকে একক স্থান থেকে এককের ঘরের ৫, ৭ ও ০ যোগ করলে ১২ একক = ১ দশক ও ২ একক হয়। এককের ঘরে দাগের নীচে ২ এককের ২ নামাও। হাতে থাকল ১ দশক। হাতের দশককে দশকের ঘরের ২, ১ ও ১ এর সংগে যোগ করলে ৫ দশক হবে। দশকের ঘরের দাগের নীচে ৫ দশকের ৫ নামাও। এতে যোগফল পাওয়া গেল ৫২। অতএব তোমাদের মোট আমের সংখ্যা হল ৫২। যোগ করে যে ফল হয় তাহাকে যোগফল বা সমষ্টি বলে।

প্রশ্নমালা—৪

যোগ কর :—

(ক) ১৫ + ৬

(খ) ২৭ + ১৮

(গ) ৩৯ + ২৩

(ঘ) ৫৯ + ৩৬

(ঙ)	(চ)	(ছ)	(জ)
৩৮	২৬	৪৮	২৫
১২	২৩	৩৬	৬
৬	১৭	১৭	৮৯

(ঝ)	(ঞ)	(ট)
২১২	৩৪৮	৫০৯
১৯	২৮৪	৪৩১
৭	৪৮	২৯৭

(ঠ)	(ড)	(ঢ)
১২৩৫	৫৩২১	২৩১৯
৩৫৬	২৩১৭	১৭২০
৮৭	৪৩৬	২০১২
৮	২৭	৩১৬

২। (ক) ১৩২+২৯+৮ ;

(খ) ১২৪+৩২৭+১০৩ ;

(গ) ৬৭১+১১১+১৫৯ ;

(ঘ) ১৭৬+২৭+৩০৩ ;

(ঙ) ৭৩২+১৯৩+১০৭ ;

(চ) ৩১০২+২২+৬০৬ ;

৩। তোমার কাছে ১০টি বেলুন, তোমার ভাই-এর কাছে ৭টি ও তোমার বোনের কাছে ৩টি বেলুন আছে। তোমাদের ৩ জনের কাছে মোট কয়টি বেলুন আছে ?

৪। কোন বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে ৩৫ জন, দ্বিতীয় শ্রেণীতে ৪২ জন, তৃতীয় শ্রেণীতে ৫১ জন ও চতুর্থ শ্রেণীতে ৪০ জন ছাত্র-ছাত্রী আছে। ঐ বিদ্যালয়ে মোট কত জন ছাত্র-ছাত্রী আছে ?

৫। একটি শহরে ২১০৩ জন পূরুষ, ১৯৩৯ জন স্ত্রী ও ৯৮২ জন বালক ও বালিকা আছে। ঐ শহরে মোট কতজন লোক আছে ?

৬। তোমার কাছে ৩২ টাকা, তোমার দাদার কাছে ৬৫ টাকা ও তোমার বাবার কাছে ১২৮ টাকা আছে, তোমাদের ৩ জনের মোট কত টাকা আছে ?

৭। একটি বালক পরীক্ষায় বাংলায় ৭২, অঙ্কে ৯৫, ইতিহাসে ৪২, ভূগোল ও প্রকৃতি বিজ্ঞানে ৩৮ ও ইংরেজীতে ৪১ পাইয়াছে। ঐ বালক পরীক্ষায় মোট কত নম্বর পাইয়াছে ?

বিয়োগ করিবার নিয়ম

একটি সংখ্যা হ'তে আর একটি সংখ্যা কত বেশী বা কম তাহা জানবার উপায়কে বিয়োগ বলে '–' এই চিহ্নকে বিয়োগ চিহ্ন বলে। দুইটি সংখ্যার মধ্যে '–' এই চিহ্ন থাকলে পূর্বের সংখ্যা থেকে পরের সংখ্যা বিয়োগ করতে হয়।

সব সময় বড় সংখ্যা হ'তে ছোট সংখ্যা বিয়োগ করতে হয়, কখনই ছোট সংখ্যা থেকে বড় সংখ্যা বিয়োগ করা যায় না। বড় সংখ্যাটি সব সময় উপরে ও ছোট সংখ্যাটি সব সময় নীচে বসাতে হবে।

যে সংখ্যা থেকে বিয়োগ করা হয় অর্থাৎ বড় সংখ্যাটিকে জমা বা বিয়োজন বলা হয়। ছোট সংখ্যাটি অর্থাৎ যে সংখ্যাটি বিয়োগ করা হয় সেটি হ'ল খরচ বা বিয়োজ্য।

বিয়োগ করলে যে ফল পাওয়া যায় তার নাম বিয়োগফল, বাকী বা অন্তরফল।

উদাহরণ ১। মনে কর ২৪৫টি জাম থেকে ১১৩টি খাওয়া হ'ল ; এখন কতগুলি জাম থাকবে ?

সংখ্যা ২টির মধ্যে বড় ২৪৫ এবং ছোট ১১৩, অতএব ২৪৫ উপরে বসাও এবং তার নীচে ১১৩ রাখ।

শতক	দশক	একক
২	৪	৫
১	১	৩
১	৩	২

এখন এককের ঘরের ৫ থেকে ৩ নিলে ২ থাকে সুতরাং এককের ঘরের বিয়োগ ফলে ২ বসল।

দশকের ঘরের ৪ থেকে ১ নিলে ৩ থাকে সুতরাং দশকের ঘরের বিয়োগ ফলে ৩ বসল।

শতকের ঘরের ২ থেকে ১ নিলে ১ থাকে, সুতরাং শতকের ঘরের বিয়োগফলে ১ বসল।

উদাহরণ ২।

শঃ	দঃ	এঃ
৭	২	৭
৫	৬	৫
১	৬	২

এখানে অঙ্কটি ৭২৭ জমা বা বিয়োজন হতে নিচের অঙ্কটি ৫৬৫ খরচ বা বিয়োজ্য কি ভাবে বিয়োগ করা যায় দেখ।

প্রথমে শতক, দশক ও একক ক্রমে ছোট অঙ্কটি বড় অঙ্কটির নীচে রাখা হ'ল। এখন এককের ঘরের ৭ থেকে ৫ নিলে ২ থাকে, সুতরাং বিয়োগ ফলের ঘরে ২ বসল। দশকের ঘরের ২ থেকে ৬ বিয়োগ করা যায় না। তাই শতকের ঘরের ৭ থেকে ১ শতক

ধার করে দশকের ঘরের ২ এর বা দিকে রাখতে হ'বে। এই রাখার ফলে ২ এর স্থানে ১২ হ'ল। ১২ হ'তে ৬ বাদ দিলে ৬ থাকে, অতএব দশকের ঘরের বিয়োগ ফল ৬ বসল। এইরূপ স্থলে হাতে থাকে ১, এই ১কে বা দিকের অঙ্ক ৫ এর সঙ্গে যোগ করলে ৬ হবে। ইহাকে শতকের ঘরের ৭ থেকে বাদ দিলে শতকের ঘরের বিয়োগফলে ১ বসবে।

প্রশ্নমালা—৫

মুখে মুখে বিয়োগ করে কত হয় বল :—(১ হইতে ৬ পর্যন্ত)

১। ৮ হইতে ৫ ২। ৯ হইতে ৬ ৩। ১০ হইতে ৮

৪। ২০ হইতে ১০ ৫। ২০ হইতে ১২ ৬। ২৫ হইতে ১৫

৭। ২৬ ২১	৮। ৩৬ ১৮	৯। ৮৭ ৫৯	১০। ৯৪ ৪৬
১১। ৪৩৭ ২১৫	১২। ৪৮৮ ২০৯	১৩। ৫৬৯ ৩৫৭	১৪। ৭৮৭ ৮২
১৫। ৮৫৪ ৬৪৩	১৬। ২৫৪২ ২৩২১		

ঠিকমত বসিয়ে বিয়োগ কর :—

১৭। ২৮—২২ ১৮। ৮৭—৪৫ ১৯। ৭৮—৫৪

২০। ৯৮—৫৯ ২১। ৩৫৭—২৪৩

২২। তোমাদের শ্রেণীতে ৬৫ জন ছাত্রছাত্রী আছে। তার মধ্যে ১২ জন আজ অনুপস্থিত। আজ কত জন ছাত্রছাত্রী উপস্থিত আছে?

২৩। তোমার কাছে ৫০ পয়সা আছে। তুমি ২৫ পয়সা দিয়ে একটি খাতা কিনলে তোমার কাছে আর কত পয়সা থাকবে?

২৪। কোন বিদ্যালয়ে মোট ছাত্র সংখ্যা ২৫৬ জন তার মধ্যে দ্বিতীয় শ্রেণীতে পড়ে ৪৫ জন। অন্যান্য শ্রেণীর ছাত্র সংখ্যা কত?

২৫। তোমার বাবা বাজার থেকে ১০০টি আম এনেছেন, তার মধ্যে ৩৫টি তোমরা খেয়ে ফেললে, আর কয়টি থাকবে?

গুণের নিয়ম

একই সংখ্যা বার বার যোগ করবার সহজ উপায়কে গুণ বলে। অর্থাৎ যোগের সংক্ষিপ্ত নিয়মকে গুণ বলে। মনে কর তোমরা একদলে ৫ জন বালক ও বালিকা আছ। তোমাদের প্রত্যেককে ৫টি করে লিচু দিলে মোট কয়টি লিচু লাগবে।

৫ + ৫ + ৫ + ৫ + ৫ = ২৫টি লাগিবে।

কিন্তু এই ২৫ সংখ্যাটি ৫ কে ৫ দিয়া নামতার সাহায্যে গুণ করলেও পাওয়া যায়। যথা—৫, ৫ এ ২৫, বার বার যোগ করার অসুবিধা দূর করার জন্যই গুণের সাহায্য নিতে হয়। গুণ অঙ্ক করতে গেলে নামতা শেখা দরকার।

"×" এই চিহ্নকে গুণ চিহ্ন বলে। যাকে গুণ করা হয় তাকে 'গুণ্য', যা দিয়ে গুণ করা হয় তাকে 'গুণক' এবং গুণ করে যে ফল পাওয়া যায় তাকে 'গুণফল' বলে।

গুণের প্রথম নামতা

	১	১	১	১	১	১	১	১	১	১
১	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	২	২	২	২	২	২	২	২	২	২
২	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	২	৪	৬	৮	১০	১২	১৪	১৬	১৮	২০
	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩	৩
৩	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	৩	৬	৯	১২	১৫	১৮	২১	২৪	২৭	৩০
	৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪	৪
৪	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	৪	৮	১২	১৬	২০	২৪	২৮	৩২	৩৬	৪০
	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫	৫
৫	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	৫	১০	১৫	২০	২৫	৩০	৩৫	৪০	৪৫	৫০
	৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬	৬
৬	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	৬	১২	১৮	২৪	৩০	৩৬	৪২	৪৮	৫৪	৬০
	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭	৭
৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	৭	১৪	২১	২৮	৩৫	৪২	৪৯	৫৬	৬৩	৭০
	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮	৮
৮	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	৮	১৬	২৪	৩২	৪০	৪৮	৫৬	৬৪	৭২	৮০
	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯	৯
৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	৯	১৮	২৭	৩৬	৪৫	৫৪	৬৩	৭২	৮১	৯০
	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০	১০
১০	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১০	২০	৩০	৪০	৫০	৬০	৭০	৮০	৯০	১০০

গুণের দ্বিতীয় নামতা

	১১	১১	১১	১১	১১	১১	১১	১১	১১	১১
১১	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১১	২২	৩৩	৪৪	৫৫	৬৬	৭৭	৮৮	৯৯	১১০
	১২	১২	১২	১২	১২	১২	১২	১২	১২	১২
১২	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১২	২৪	৩৬	৪৮	৬০	৭২	৮৪	৯৬	১০৮	১২০
	১৩	১৩	১৩	১৩	১৩	১৩	১৩	১৩	১৩	১৩
১৩	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১৩	২৬	৩৯	৫২	৬৫	৭৮	৯১	১০৪	১১৭	১৩০
	১৪	১৪	১৪	১৪	১৪	১৪	১৪	১৪	১৪	১৪
১৪	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১৪	২৮	৪২	৫৬	৭০	৮৪	৯৮	১১২	১২৬	১৪০
	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	১৫	১৫
১৫	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১৫	৩০	৪৫	৬০	৭৫	৯০	১০৫	১২০	১৩৫	১৫০
	১৬	১৬	১৬	১৬	১৬	১৬	১৬	১৬	১৬	১৬
১৬	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১৬	৩২	৪৮	৬৪	৮০	৯৬	১১২	১২৮	১৪৪	১৬০
	১৭	১৭	১৭	১৭	১৭	১৭	১৭	১৭	১৭	১৭
১৭	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১৭	৩৪	৫১	৬৮	৮৫	১০২	১১৯	১৩৬	১৫৩	১৭০
	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮	১৮
১৮	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১৮	৩৬	৫৪	৭২	৯০	১০৮	১২৬	১৪৪	১৬২	১৮০
	১৯	১৯	১৯	১৯	১৯	১৯	১৯	১৯	১৯	১৯
১৯	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	১৯	৩৮	৫৭	৭৬	৯৫	১১৪	১৩৩	১৫২	১৭১	১৯০
	২০	২০	২০	২০	২০	২০	২০	২০	২০	২০
২০	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
	২০	৪০	৬০	৮০	১০০	১২০	১৪০	১৬০	১৮০	২০০

উদাহরণ ১। ২৮ কে ৩ দিয়া গুণ কর।

২৮ × ৩ ৮৪	৮কে ৩ দিয়া গুণ করিলে তিন আটে ২৪ হয়। ২৪ এর ৪ নামল হাতে থাকে ২। ২কে ৩ দিয়ে গুণ করিলে ৬ হবে। হাতের

২ যোগ করে ৮ হল। ৩ দিয়ে আর কোন সংখ্যাকে গুণ করবার না থাকায় ৮ বসে গেল। এখন গুণফল হ'ল ৮৪।

উদাহরণ ২। ৪৮৬×২৫ = কত ?

৪৮৬×২৫ ২৪৩০ ৯৭২× ১২১৫০	৪৮৬ কে ২৫ দিয়া গুণ করিতে হবে। প্রথমে ৪৮৬ কে ৫ দিয়ে গুণ করে বসানো হ'লো। এখন ২ দিয়ে গুণ করে ডান দিকের একটি ঘর বাদ দিয়ে বসান হল। এখন দুইটি

সারি যোগ করলে নির্ণেয় গুণফল হবে ১২১৫০।

গুণের নিয়ম ঃ—একটির মান দেওয়া থাকলে অনেক গুলির মান বের করতে হলে সংখ্যা দুটিকে গুণ করতে হবে।

প্রশ্নমালা—৬

গুণ কর ঃ—

(১) ৬×৩ (২) ৮×৬ (৩) ৯×৮

(৪) ১২×২ (৫) ১৮×৯ (৬) ৪২×৬

(৭) ৬৫×৮ (৮) ৭২×৭ (৯) ৯৮×৯

(১০) ৮৪×৭ (১১) ৬৮×১২ (১২) ৬৯×৮

(১৩) ৮৯×৭ (১৪) ৩০×৫ (১৫) ৬৭×১৪

(১৬) ৬৮×১২ (১৭) ৯০×২৯ (১৮) ২৭×৯০

(১৯) ৪০×৭ (২০) ২১৫×৫ (২১) ২৬৮×৮
(২২) ৭৮৬×৪ (২৩) ৯৯৯×৩ (২৪) ৩৮২×৬
(২৫) ২২৫×২৫ (২৬) ৬৯০×১০ (২৭) ২৮×১০০
(২৮) ৯৫৭×৬ (২৯) ৮৭×৬৮ (৩০) ২৯৫×১৭
(৩১) ৫৭৪×৩৩ (৩২) ৪২৩×২২ (৩৩) ৬৯০×২৫
(৩৪) ১০০×১১ (৩৫) ৮৬৬×২৭ (৩৬) ৩৭৪×৩৫
(৩৭) ৬৫×৫৫ (৩৮) ২০×২০ (৩৯) ২৫×২৫
(৪০) ৭২৩×১২ (৪১) ৩২৭×২১ (৪২) ২৩৭×২৩

৪৩। প্রতি বালককে ৫টি করে লিচু দিলে ৭ জন বালককে দিতে কতগুলি লিচু প্রয়োজন হবে ?

৪৪। প্রতি বেঞ্চে ৬ জন করে বালক বালিকা বসতে পারে। এরূপ ৭ খানা বেঞ্চে কত ছাত্র ছাত্রী বসতে পারবে ?

৪৫। তোমাদের বাড়ীতে প্রতিদিন ৩ কিলোগ্রাম চাল লাগে। একমাসে তোমাদের কত চাল লাগবে ? (৩০ দিনে এক মাস)

৪৬। একটি গরুর মূল্য ১৭৫ টাকা হ'লে ১২টি গরুর মূল্য কত ?

৪৭। মণ্টুর ৪৫টি মার্বেল আছে। লালটুর আছে উহার ৪ গুণ। লালটুর মোট কতটি মার্বেল আছে ?

৪৮। তোমাদের স্কুলের সামনে একটি লোক প্রতিদিন লজেন্স বিস্কুট প্রভৃতিতে ৮ টাকা বিক্রী করে। ১৫ দিনে সে মোট কত টাকা বিক্রী করবে ?

৪৯। একজন মজুরের দৈনিক মজুরি ৩ টাকা হলে ২৫ জন মজুরকে এক দিনে কত টাকা মজুরি দিতে হবে।

৫০। তোমার মা জল খাবারের জন্য প্রতিদিন তোমাকে ১০টি

করে পয়সা দেন। তুমি ঐ পয়সা খরচ না করে যদি জমিয়ে রাখ তাহলে এক মাসে তুমি কত পয়সা জমাতে পারবে।

(৩০ দিনে ১ মাস)

৫১। সেপ্টেম্বর মাস ৩০ দিনে হয়। এপ্রিল, জুন এবং নভেম্বর মাসও ৩০ দিনে হয়। এখন ঐ কয় মাসের একত্রে মোট দিন সংখ্যা কত হবে বল।

৫২। প্রজাতন্ত্র দিবসের দিন তোমাদের স্কুলের মাঠে বালক বালিকা প্রতি দলে ২২ জন করে বিভক্ত হয়ে ৮টি দলে খেলা করল। ঐ দিন মাঠে মোট কতজন বালক বালিকা খেলা করেছিল?

৫৩। একটি হাঁসের দাম ৫ টাকা ও একটি মুরগীর দাম ৬ টাকা। ১৫টি হাঁস ও ২৫টি মুরগী কিনতে কত টাকা লাগবে?

৫৪। একজন ব্যবসায়ী ৭ টাকা মিটার দরে ৩৫ মিটার এবং ৯ টাকা মিটার দরে ৫৬ মিটার কাপড় কিনল। তার মোট কত টাকা ব্যয় হ'ল?

৫৫। প্রতিটি বাসে ৭৫ জন যাত্রী যেতে পারে। ৮ খানা বাসে কতজন যাত্রী যেতে পারে?

৫৬। স্বাধীনতা দিবসের দিন তোমাদের বিদ্যালয়ের প্রত্যেক ছাত্র ছাত্রীকে ৫টি করিয়া লজেঞ্জুস দেওয়া হ'ল। ছাত্র ছাত্রীর সংখ্যা ২৫০ জন হ'লে ঐ দিন তাদের কতগুলি লজেঞ্জুস দেওয়া হয়েছিল।

৫৭। প্রতিটি মালায় ১১৬টি ফুল আছে। এরূপ ৬ গাছা মালায় কতটি ফুল আছে?

ভাগ

যোগের সহজ ও সংক্ষিপ্ত নিয়ম যেমন গুণ, তেমনি বিয়োগের সহজ ও সংক্ষিপ্ত নিয়ম হ'ল ভাগ। কোন সংখ্যা হ'তে কোন সংখ্যা বার বার বিয়োগ না করে ভাগের সাহায্যে করা যায়।

মনে কর ২৫ খানা বিস্কুট তোমাদের ৫ জনের মধ্যে সমান ভাবে ভাগ করে দিতে হবে।

এখন ২৫ − ৫ = ২০
২০ − ৫ = ১৫
১৫ − ৫ = ১০
১০ − ৫ = ৫
৫ − ৫ = ০

তাহলে দেখা গেল ২৫ খানা বিস্কুট ৫ জনকে ৫ খানা করে দেওয়া যায়। ভাগের সাহায্যে এ কাজ আমরা একবারেই করতে পারি।

২৫ ÷ ৫
৫) ২৫ (৫
২৫
×

তোমরা জান (÷) এই চিহ্নকে ভাগ চিহ্ন বলে। যে সংখ্যা দ্বারা ভাগ করা হয় তাকে 'ভাজক', যে সংখ্যাকে ভাগ করা হয় তাকে 'ভাজ্য' বলে। ভাগ করে যা ফল হয় তাকে ভাগফল বলে আর ভাগের শেষে যেটি অবশিষ্ট থাকে তাকে বাকী, অবশিষ্ট বা ভাগশেষ বলে। নীচে উদাহরণ দেখ।

উদাহরণ ১২৫ কে ৬ দিয়ে ভাগ কর।

ভাজক ৬) ভাজ্য ১২৫ (২০ ভাগফল
১২
———
৫ ভাগশেষ

নিম্নের ছকটিতে ভাগের প্রত্যেকটি অংশ দেখান হ'ল—

ভাজক) ভাজ্য (ভাগফল
———
ভাগশেষ, অবশিষ্ট বা বাকী।

১। নিচের আর একটি ছক থেকে ভাগের বিভিন্ন অংশকে বের করবার কৌশল ও নিয়ম দেখ :—

ভাজ্য = ভাজক × ভাগফল + ভাগশেষ
ভাজক = (ভাজ্য − ভাগশেষ) ÷ ভাগফল
ভাগফল = (ভাজ্য − ভাগশেষ) ÷ ভাজক

আবার দেখ :

৬) ১২৫১ (২০৮
১২
———
৫১
৪৮
———
৩

১২৫১ কে ৬ দ্বারা ভাগ করতে হবে। গুণের বেলায় ডান দিক থেকে গুণ করতে হয়, কিন্তু ভাগের বেলায় বাম দিক থেকে করবার নিয়ম।

২। যোগ বিয়োগ ও গুণ করে যেতে হয় ছোট ঘর থেকে বড় ঘরের দিকে অর্থাৎ ডান থেকে বাম দিকে। ভাগে এ নিয়ম খাটে না, কেন দেখ। বিয়োগের সময় বাম দিকের বড় ঘর থেকে ধার নিতে হয়। বড় থেকে ভাগ না করে ছোটকে ভাগ করে পরে বড়কে ভাগ করা যায় না বলে।

ভাজকের ৬, ১ এর ভিতর যায় না। অতএব ১ এর ডান দিকের সংখ্যা ২ কে এনে একের সঙ্গে মিলাতে হবে। এখন সংখ্যাটি হ'ল ১২, এইবার এর মধ্যে ৬, ২ বার যায়। বিয়োগফল কিছুই থাকল না। আবার ২ এর ডান দিকে অঙ্ক ৫ কে এনে নীচে বসানো হ'ল। ভাজকের ৬ এই পাঁচ এর মধ্যে যায় না। তাই একটি শূন্য ভাগফলের ঘরে আসবে এবং সব শেষের ডান দিকের সংখ্যা ১ একে এনে পাঁচ এর পাশে বসাতে হবে। এখন সংখ্যাটি হ'ল ৫১। নামতার সাহায্যে দেখা গেল ভাজকের ৬ এই ৫১ এর ভিতরে ৮ বার আছে। ফলে ৫১ থেকে ৪৮ বিয়োগ করায় ভাগশেষ বা বাকী রইল ৩।

উত্তর :—ভাগফল ২০৮, ভাগশেষ ৩।

প্রশ্নমালা—৭

ভাগফল কত মুখে মুখে বল :—(১ থেকে ৮ পর্যন্ত)

১। ৮ ÷ ২	২। ৩৬ ÷ ৯	৩। ২৪ ÷ ৬
৪। ২৭ ÷ ৩	৫। ৬৩ ÷ ৭	৬। ৮১ ÷ ৯
৭। ২০ ÷ ৪	৮। ২০ ÷ ২	৯। ২৩৪ ÷ ৬
১০। ৩৪৮ ÷ ৬	১১। ৫৬৭ ÷ ৮	১২। ৬৫৯ ÷ ৭
১৩। ২৬৮ ÷ ১১	১৪। ৯৭২ ÷ ২২	১৫। ৭৫৪ ÷ ১৮
১৬। ১৪৬ ÷ ১৬	১৭। ২০১ ÷ ১২	১৮। ২৯৮ ÷ ১৪
১৯। ৮২৪ ÷ ৩২	২০। ৯৩৬ ÷ ৩৫	২১। ৪৬৮ ÷ ৪২
২২। ৪৭৫ ÷ ২৮	২৩। ৯৮৭ ÷ ৮০	২৪। ৭৭৯ ÷ ৫৭
২৫। ৩৩০ ÷ ২১	২৬। ২২২ ÷ ২৪	২৭। ২৪৩৬ ÷ ২২
২৮। ১০০০ ÷ ২৫		২৯। ৮৬৪২ ÷ ৩৫

৩০। ৬৯৫৭ ÷ ৪২	৩১। ৩২৮৭ ÷ ৫৬
৩২। ৯৯৯৯ ÷ ১০০	৩৩। ৫৬৪০ ÷ ২৯
৩৪। ৮৭০৫ ÷ ৩৯	৩৫। ৬০০৬ ÷ ৯১

৩৬। তোমাদের বাংলা বইয়ে ৬০ খানা পাতা আছে। প্রতিদিন তুমি দুই পাতা করে পড়তে পার, ঐ বইখানা শেষ করতে তোমার কত দিন সময় লাগবে ?

৩৭। তোমাদের অঙ্ক বইয়ে ৮০ খানা পাতা আছে। প্রতিদিন তুমি ৪ পাতা করে অঙ্ক কষতে পার, কত দিনে তুমি অঙ্কগুলি কষে শেষ করতে পারবে ?

৩৮। তোমার বাবা ৬০টি কমলা লেবু কিনে এনেছেন। তিনি টাকায় ৬টি করে লেবু কিনে থাকলে ঐ লেবুগুলি কিনতে তার কত টাকা লেগেছিল ?

৩৯। প্রত্যেক ভিক্ষুককে ১৫ পয়সা করে দিতে এক ভদ্রলোকের ৩৭৫ পয়সা খরচ হ'ল। ভিক্ষুকের সংখ্যা কত ছিল ?

৪০। একটি পরিবারের সপ্তাহে ১৪০ টাকা খরচ হয়, ঐ পরিবারের এক দিনের খরচ কত ? (৭ দিনে এক সপ্তাহ)

৪১। কলিকাতা থেকে পুরীগামী ট্রেনখানা ঘণ্টায় ৪০ মাইল বেগে যায়, পুরীর দূরত্ব কলিকাতা থেকে ৩৬০ মাইল হ'লে ঐ ট্রেনে পুরী যেতে কত সময় লাগবে ?

৪২। প্রতি ঝুড়িতে ১২৫টি আম আছে। তোমার ১১২৫টি আম কিনতে হ'লে কত ঝুড়ি আম কিনতে হবে ?

৪৩। ভাজক ২৮ ভাগফল ২৬ ভাগশেষ ৪ ভাজ্য কত ?

৪৪। ৮ কে কত দিয়ে গুণ করিলে ৮৮ হয় ?

৪৫। দুইটি সংখ্যার গুণফল ৬৩; একটি সংখ্যা ৭ হইলে অপরটি কত?

৪৬। ৫০০ খানা কাগজে কত দিস্তা কাগজ হবে?
(২৫টি কাগজে ১ দিস্তা)

৪৭। তোমাদের শ্রেণীতে ৫৫ জন ছাত্র ছাত্রী আছে। ২২০টি লিচু তোমাদের মধ্যে ভাগ করে দিলে একজনে কয়টি পাবে?

৪৮। ভাজক ৬, ভাজ্য ৮৮, ভাগশেষ ৪, ভাগফল কত?

যোগ ও বিয়োগের "সহজ সরল" অঙ্কের ধারণা।

যোগ ও বিয়োগের সরল অঙ্ক কষতে গেলে প্রথমেই যোগ ও বিয়োগের চিহ্ন সম্বন্ধে স্পষ্ট ধারণা থাকা প্রয়োজন। তোমরা পূর্বেই দেখেছ যে এই চিহ্নকে (+) যোগ ও এই চিহ্নকে (−) বিয়োগ চিহ্ন বলে। যে অঙ্কটির বাম দিকে + যোগ চিহ্ন থাকে তাকে যোগ অঙ্ক ও যে অঙ্কটির বাম দিকে − বিয়োগ চিহ্ন থাকে তাকে বিয়োগ অঙ্ক বলে জানবে। যে অঙ্কটি প্রথমে বসবে তার বাম দিকে যদি কোন চিহ্ন না থাকে তবে সেটিকে যোগ অঙ্ক হিসেবে ধরে নিতে হবে। এই চিহ্নটিকে (=) সমান চিহ্ন বলে। অঙ্ক কষবার সময় প্রতি সারির বা দিকে = সমান চিহ্ন দিতে হয়। নীচে উদাহরণটি দেখ।

উদাহরণ:

৮ − ১৩ + ১৫ − ৭ = ৮ + ১৫ − ১৩ − ৭ = (৮ + ১৫) − (১৩ + ৭) = ২৩ − ২০ = ৩ উত্তর।	প্রথমে সরল অঙ্কটি বসানো হয়েছে। তার পরের সারিতে যে সংখ্যা গুলি যোগ সেগুলিকে বা দিকে ও যে সংখ্যাগুলি বিয়োগ সেগুলিকে ডান দিকে বসানো হয়েছে। তার পরের সারিতে বিয়োগ

চিহ্ন যুক্ত অঙ্কগুলি যোগ অঙ্কগুলির যোগফলের ডান দিকে একটি বন্ধনির মধ্যে যোগ চিহ্ন দিয়ে বসানো হয়েছে। পরের সারিতে ২৩ এর ডান দিকে বন্ধনীর মধ্যকার (১৩+৭) এর যোগফল ২০ বসানো হয়েছে। এখন ২৩ থেকে ২০ বিয়োগ করে উত্তর পাওয়া গেল ৩।

প্রশ্নমালা—৮

সরল কর :

১। ৬+৩−৫	২। ১০−৮+৪
৩। ১৫−১২+৩	৪। ১৬−৮+৯−৯
৫। ১৭−৯−৮+৬	৬। ২২−১৫−৯+৭
৭। ২০−১৬−৬+৩	৮। ৫−৫−৫+৬
৯। ৪৪−১৮+১৫−১০	১০। ১৭+৮+৫−২৫
১১। ২৫−২০+৮−১৩	১২। ৯−৯−৯+৯
১৩। ২৮−৭+৬−৯+৫	১৪। ৮০+১৮−৭০−২০
১৫। ১৫−৬−৩−৬	১৬। ১০০−৫০−৬০+১০
১৭। ২৯−২১+১২	

প্রশ্নমালা—৯

অমিশ্র চারি নিয়ম সম্বন্ধে বিবিধ প্রশ্ন :

১। তোমাদের বিদ্যালয়ে একটি ফুলের বাগান আছে। ঐ বাগানে যদি ১৫ সারি এবং প্রতি সারিতে ১২টি করে ফুল গাছ থাকে, তবে ঐ বাগানে কতগুলি ফুল গাছ আছে?

২। তোমার বাবা বাজারে গিয়া ২৫ টাকার চা'ল, ১০ টাকার মাছ, ৩ টাকার তরকারি ও ১৫ টাকার অন্যান্য জিনিস কিনলেন। তাঁর মোট কত টাকা খরচ হল ?

৩। একব্যক্তি ৪২৫ টাকা নিয়ে বাজারে গেলেন। তিনি ২০৫ টাকা দিয়ে এক কুইণ্টাল চাল, ৬ টাকা দিয়ে এক কি. গ্রাম মাছ, ১২ টাকার মাংস, ৪ টাকার তরকারী ও ১২৮ টাকার অন্যান্য জিনিস কিনলেন ; তাঁর নিকট আর কত টাকা থাকল ?

৪। মণ্টু ও গণির একত্রে ৩৫১ টাকা আছে। গণির যদি মণ্টু অপেক্ষা ৩৭ টাকা বেশী থাকে, তাহলে কা'র নিকট কত টাকা আছে ?

৫। রামের চেয়ে করিমের ২০৫ টাকা বেশী আছে। রামের যদি ৪৭৫ টাকা থাকে তবে করিমের কত টাকা আছে ?

৬। একটি বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে ৫৬, দ্বিতীয় শ্রেণীতে ৫২, তৃতীয় শ্রেণীতে ৪৯ ও চতুর্থ শ্রেণীতে ৪২ জন ছাত্র ছাত্রী আছে। ঐ বিদ্যালয়ে মোট কতজন ছাত্র ছাত্রী আছে ?

৭। একটি গরুর মূল্য ২১৬ টাকা, একটি ছাগলের মূল্য ৫৮ টাকা, ৬টি গরু ও ৮টি ছাগলের মূল্য কত ?

৮। একটি গরুর মূল্য ১৭৫ টাকা, একটি ছাগলের মূল্য ২৫ টাকা হ'লে, একটি গরুর বদলে কয়টি ছাগল পাওয়া যাবে ?

৯। একটি গাছের ১৪ খানা ডালের প্রতি ডালে ১২টি করে পাখী বসেছিল। হঠাৎ কিসের শব্দে ৫৫টি পাখী উড়ে গেল। এখন ঐ গাছে আর কয়টি পাখী থাকল ?

১০। একজন কৃষক বেগুন চারা নিয়ে তার জমিতে বসাতে

গেল। প্রতি লাইনে ২২টি করে চারা বসিয়ে ১৬ লাইন বসানোর পর দেখল যে তার কাছে আর ৭টি চারা আছে। সে কতগুলি চারা নিয়ে জমিতে গিয়েছিল ?

১১। ৩১৬ এর সঙ্গে কত যোগ করলে ৯২৫ হবে ?

১২। একটি ছেলেকে ৩ অঙ্কের সব চেয়ে বড় সংখ্যা ও ছোট সংখ্যা লিখতে বলায় সে বড় সংখ্যার স্থলে ৩টি ৯ ও ছোট সংখ্যার স্থলে ৩টি ১ লিখল। সে ভুল না ঠিক লিখেছিল ? (অঙ্ক কসে দেখাও সে কত কম বা বেশী লিখেছিল ?)

১৩। কোন সংখ্যা থেকে ২৭১ বিয়োগ করিলে বিয়োগফল ৬২৯ হবে ?

১৪। দুইটি সংখ্যার গুণফল ৭৮৪। একটি সংখ্যা ১৯ হলে, অপরটি কত ?

১৫। একজন লোকের মাসিক আয় ২২০ টাকা, এবং মাসিক ব্যয় ১৭৫ টাকা। এক বৎসরে তিনি কত টাকা জমাতে পারবেন ?

১৬। দুইটি সংখ্যার গুণফল ১২১। একটি সংখ্যা ১১ হলে অপরটি কত ?

১৭। রতনের বর্তমান বয়স ১১ বছর রহিমের ১২, শিপ্রার ১০ ও রেহানার ৯ বছর। ৩ বছর পরে তাদের মোট বয়স কত হবে ?

১৮। তোমার ও তোমার দাদার বয়সের সমষ্টি ১৯ বছর। তোমার বয়স ৭ হলে তোমার দাদর বয়স কত ?

১৯। রামের বাবার বয়স রামের অপেক্ষা চারগুণ এবং রামের

নিজের বয়স তার ছোট ভাই অপেক্ষা তিন গুণ, বাবার বয়স ৪৮ বছর হলে তার ছোট ভাই-এর বয়স কত ?

২০। একটি ট্রেনের ১৮ খানা কামরার প্রত্যেক খানাতে ৫৬ জন করে যাত্রী ছিল। পরের স্টেশনে পৌঁছিলে প্রত্যেক কামরা থেকে ১২ জন করে যাত্রী নেমে গেল। ঐ ট্রেনে আর কতজন যাত্রী বা লোক থাকল ?

২১। চার অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যাকে দুই অঙ্কের বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা ভাগ কর।

২২। তিন অঙ্কের বৃহত্তম সংখ্যার সহিত তিন অঙ্কের ক্ষুদ্রতম সংখ্যার যোগ, বিয়োগ, গুণ ও ভাগ করে দেখাও।

২৩। একটি সুপারি বাগানের প্রথম সারিতে ২৬টি, দ্বিতীয় সারিতে ২০টি, তৃতীয় সারিতে ১৭টি ও চতুর্থ সারিতে ১৫টি সুপারি গাছ আছে। ঐ বাগানে মোট সুপারি গাছের সংখ্যা কত ?

২৪। এক ব্যক্তির মাসিক আয় ৩৬০ টাকা হলে তার প্রতিদিনের আয় কত ?

২৫। একজন বস্ত্র ব্যবসায়ী হাওড়া হাটে ৭৯৮ টাকার কাপড় কিনল। প্রতিখানা কাপড় ৭ টাকা করে কিনে থাকলে সে মোট কতখানা কাপড় কিনেছিল ?

মুদ্রার সঙ্গে পরিচয়

আমরা দোকান বা বাজার থেকে নানা রকমের জিনিস কিনি এবং দাম দেওয়ার সময় টাকা বা পয়সা দিয়ে দিই। এই টাকা বা পয়সাকে মুদ্রা বলে। সবচেয়ে বড় মুদ্রাটি হল টাকা এবং সবচেয়ে

ছোট মুদ্রাটি হল পয়সা। টাকা ও পয়সার মাঝে আরও অনেকগুলি মুদ্রা আছে। মোট মুদ্রার সংখ্যা হল নয়টি। নিচে মুদ্রাগুলির ছবি দেওয়া হল দেখ :—



ছবি দেখে বুঝতে পারলে মুদ্রাগুলো হল যথাক্রমে ১ টাকা, ৫০ পয়সা, ২৫ পয়সা, ২০ পয়সা, ১০ পয়সা, ৫ পয়সা, ৩ পয়সা, ২ পয়সা ও ১ পয়সা। টাকা ধাতুর তৈরী এবং ১ টাকার নোটও আছে। টাকা ছাড়া অন্য অন্য সকল মুদ্রাই ধাতু দিয়ে তৈরী। এগুলি বাবা মার কাছে অথবা বাজারে জিনিস কেনার সময় তোমরা সব সময়ই দেখে থাক। কাজেই মুদ্রাগুলি সবই তোমাদের চেনা। ৫০ পয়সার মুদ্রাটিকে আধুলি এবং ২৫ পয়সার মুদ্রাটিকে সিকি বলে। অন্যগুলির আর কোন নাম নাই।

টাকার সঙ্গে অন্যান্য মুদ্রার সম্পর্ক দেওয়া হল।

দেখ :—

৫০	পয়সা	১	টাকার	২	ভাগের	১	ভাগ
২৫	”	১	”	৪	”	১	”
২০	”	১	”	৫	”	১	”
১০	”	১	”	১০	”	১	”
৫	”	১	”	২০	”	১	”
২	”	১	”	৫০	”	১	”
১	”	১	”	১০০	”	১	”

এখন বোঝা গেল ১ টাকা = ২টি ৫০ পয়সা, ৪টি ২৫ পয়সা, ৫টি ২০ পয়সা, ১০টি ১০ পয়সা, ২০টি ৫ পয়সা, ৫০টি ২ পয়সা ও ১০০টি ১ পয়সা ও ৩৩টি ৩ পয়সা ও ১টি ১ পয়সা।

মুদ্রা লিখিবার নিয়ম :—

টাকা ও পয়সাকে আলাদা করে বুঝানোর জন্য টাকা ও পয়সার মাঝে একটি সাঙ্কেতিক চিহ্ন ব্যবহার করা হয়। এই চিহ্নটিকে দশমিক বিন্দু বলা হয়। দশমিক বিন্দুটিকে দেখতে এইরূপ “ · ”। পয়সার ঘরে অঙ্ক না থাকলে দশমিক বিন্দুর পর দুইটি শূন্য বসাতে হয়। যথা :—৬·১০, ২৫·১২, ২৫·১২, ১০·০৮, ২৮·০০, ৩৫·৩৭, ১৬·১০ ২২·০৭।

টাকা ও পয়সার মধ্যে দশমিক বিন্দু ব্যবহার করলে পয়সা টাকার অংশে পরিণত হয়। অতএব টাকার পরে দশমিক বিন্দু ব্যবহার করে ডানদিকে টাকা লিখতে হবে, পয়সা লিখলে ভুল হবে। আর একটি বিশেষ দরকারি কথা মনে রাখবে যে, টাকা ও পয়সার

মাঝে যে দশমিক বিন্দু ব্যবহার করবে তার ডাইনে দুই অঙ্কের বেশী বসবে না।

টাকা পয়সার লঘূকরণ :—

টাকা ও পয়সাকে পয়সায় পরিণত করার নিয়মকে নিম্নগ লঘূকরণ এবং পয়সাকে টাকা ও পয়সায় পরিণত করার নাম ঊর্দ্ধগ লঘূকরণ বলা হয়।

উদাহরণ :—(১) ১৮·৬২ টাকাকে পয়সায় পরিণত কর।

```
১৮·৬২ টাকা
×১০০
-------
 ১৮০০
 +৬২
-------
১৮৬২ পয়সা
```

১০০ পয়সায় ১ টাকা হয়, অতএব ১৮ টাকাকে ১০০ দিয়ে গুণ করলে ১৮০০ পয়সা হলো। এর সঙ্গে ৬২ পয়সা যোগ করলে মোট ১৮৬২ পয়সা হলো।

নিয়ম :—টাকাকে ১০০ দ্বারা গুণ করে পয়সা যোগ করতে হয়।

উদাহরণ :—(২) ৪৮৯২ পয়সায় কত টাকা, কত পয়সা ?

```
১০০ ) ৪৮৯২ ( ৪৮
      ৪০০
      ----
       ৮৯২
       ৮০০
      ----
   ৯২ পয়সা
```

৪৮ টাকা ৯২ পয়সা উত্তর।

৪৮৯২ পয়সাকে ১০০ দিয়ে ভাগ করে ৪৮ টাকা হলো, আর বাকী থাকল ৯২ পয়সা। ∴ ৪৮·৯২ টাকা উত্তর, এই ভাবেও লেখা যায় ৪৮ টাকা ৯২ পয়সা।

নিয়ম :—পয়সাকে ১০০ দ্বারা ভাগ ক'রে ভাগফলকে টাকা এবং অবশিষ্টকে পয়সা লিখতে হবে।

প্রশ্নমালা—১০

মুখে মুখে উত্তর দাও :—

১। পয়সায় পরিণত কর :—

(ক) ৫ টাকা (খ) ৭ টাকা (গ) ২ টাকা ৩৬ পয়সা (ঘ) ৩ টাকা ৭৫ পয়সা (ঙ) ৯·৮০ টাকা (চ) ৪·৪৪ টাকা (ছ) ৮·৫২ টাকা।

২। টাকা ও পয়সায় পরিণত কর :—

(ক) ১০০ পয়সা (খ) ২০০ পয়সা (গ) ৬০০ পয়সা (ঘ) ৩০৮ পয়সা (চ) ৭১২ পয়সা (ছ) ৪৮৬ পয়সা।

৩। ২ টাকায় কয়টি ২০ পয়সা হয় ?

৪। ৫ টাকায় কয়টি ১০ পয়সা হয় ?

৫। ১০ টাকায় কয়টি ৫০ পয়সা পাওয়া যাবে ?

৬। ১টি সিকি ১টি ১০ পয়সার থেকে কত বেশী ?

নিচের অঙ্কগুলি কর :—

৭। প্রত্যেক ভিখারীকে ২ পয়সা করে দেওয়ায় এক ব্যক্তির ৯ টাকা ৪৪ পয়সা খরচ হইল। ভিখারীর সংখ্যা কত ছিল ?

৮। একটি নিবের মূল্য ২ পয়সা হলে ১২৫টি নিবের মূল্য কত ?

৯। পয়সায় পরিণত কর :—

(ক) ৩২ টাকা (খ) ৮ টাকা ১২ পয়সা (গ) ৯·৭২ টাকা (ঘ) ৭৯·৭৯ টাকা (ঙ) ৪৬·৯৯ টাকা (চ) ১০৫·০৪ টাকা (ছ) ১১০ টাকা ৯ পয়সা (জ) ৫৭২ টাকা ৫৪ পয়সা (ঝ) ৭৯৫·৬৯ টাকা (ঞ) ৯৭০·৮৮ টাকা।

১০। টাকা ও পয়সায় পরিণত কর :—

(ক) ৯৮৭ পয়সা (খ) ৭০৯ পয়সা (গ) ৬৬৬ পয়সা (ঘ) ৯০৯ পয়সা

(ঙ) ৫৪০ পয়সা (চ) ৪৯৭ পয়সা (ছ) ৮৮৮ পয়সা (জ) ৯৪৫ পয়সা (ঝ) ৬৮৪ পয়সা (ঞ) ৭৭২ পয়সা।

দশমিক মুদ্রার যোগ ও বিয়োগ—

দশমিক মুদ্রার যোগ ও বিয়োগ সাধারণ যোগ ও বিয়োগের মতই করতে হয়। তবে লক্ষ্য রাখতে হবে যাতে টাকার ঘরে টাকা ও পয়সার ঘরে পয়সা বসে। টাকা ও পয়সার মাঝখানে "·" এইরূপ দশমিক চিহ্ন দিয়ে টাকা থেকে পয়সাকে আলাদা করে দেখাতে হয়।

উদাহরণ ১। তুমি বাজারে গিয়ে তোমার জন্য ৪ টাকা ৭৫ পয়সা দিয়ে একটি প্যান্ট, ৬ টাকা ৫০ পয়সা দিয়ে একটি জামা ও ১৬ টাকা ৯৪ পয়সা দিয়ে তোমার মার জন্য একখানা শাড়ী নিলে। তোমার মোট কত খরচ হল ?

টাকা	পয়সা
৪	৭৫
৬	৫০
১৬	৯৪
২৮	১৯

পয়সার ঘরে ৭৫ + ৫০ + ৯৪ = ২১৯ পয়সা এর ১৯ পয়সা, পয়সার ঘরে নামিল ; ২ টাকা হাতে থাকল। টাকার ঘরে হাতের ২ + ৪ + ৬ + ১৬ = ২৮ টাকা।

উত্তর = ২৮ টাকা ১৯ পয়সা

দশমিক বিন্দু দিয়ে টাকা ও পয়সা লিখলে কি ভাবে যোগ করতে হয় দেখ :—

৪·৭৫ টা.
৬·৫০ টা.
১৬·৯৪ টা.
২৮·১৯ টা.

সাধারণ যোগ অঙ্কের মতই যোগ করতে হয়। দশমিক বিন্দুর জায়গায় দশমিক বিন্দু বসবে।

বিন্দুর বা-দিকের সংখ্যা টাকা ও ডান দিকের সংখ্যা পয়সা।

৫০·১৭ টাকা থেকে ২৩·২৮ টাকা বিয়োগ কর।

৫০·১৭ ২৩·২৮ ২৬·৮৯ টাকা	দশমিক বিন্দু ঠিক মত বসিয়ে বিয়োগের মত করা হয়েছে।

প্রশ্নমালা—১১

যোগ কর :—

১।

টাকা	পয়সা
৫	৩৭
৮০	১৫
১৬	২৫

২।

টাকা	পয়সা
১২	৬৫
৮	২০
৫৭	৪৪

৩।

টাকা	পয়সা
৭১	৫১
৭৩	০৮
২৪	২৫

৪।

টাকা	পয়সা
৭৫	৬১
৫৬	২০
৭	৮২

৫। ২৬·৪৭ টা.
৫১·০২ টা.
৬২·৪৪ টা.

৬। ৫৭·২৭ টা.
৩৬·৮০ টা.
৫৪·০৭ টা.

৭। ৪২·৪০ টা.
৫৬·২০ টা.
৯·৫৬ টা.

৮। ৯২·৩৫ টা.
৫৩·২৯ টা.
১০·০১ টা.

৯। ৩৫ টাকা ৭২ পয়সা
২৯ ,, ০৪ ,,
৩০৮ ,, ৯২ ,,
৫৬ ,, ৩৭ ,,

১০। ৯·৭২ টাকা
৪৬·০৫ টাকা
৪৫৮·৩৩ টাকা
৬৬·২০ টাকা

১১।

টা.	প.
৫৬	২৩
৮	৪১
১৭	৭৫

১২।

টা.	প.
৪৯	৩২
৩৬	০৯
৫	১২

১৩।

টা.	প.
৮০	২৫
৪	৫০
৯	৬২

১৪।

টা.	প.
৭৬	৫০
৩৩	৪৪
৮	০৬

১৫।

টা.	প.
২৭	০৫
৬৯	১৮
৫০	৩৬

১৬।

টা.	প.
৭১	৫৫
২৫	৬২
৯	৩৭

১৭।

টা.
৩৮·২৪
২৭·৬৫
৩·১৯

১৮।

টা.
৫৮·০৬
৯৩·৪৪
৭·০৫

১৯।

টা.
২১·২৬
৬০·২২
১৮·৩৬

২০।

টা.	প.
১২৫	৫০
৭২	২৮
৬	০৬
১৪	৪০

২১।

টা.	প.
৩২	৭৫
৬	৩৮
২৫	০৮
৯	২৬

২২।

টা.	প.
৩	৯৪
২৭	৪৮
২০৫	৩৬
	৫৪

ঠিক মত বসিয়ে যোগ কর :—

২৩। ৬৭·৩১ টা. + ৮৭·৭৫ টা. + ৮·২৫ টা.

২৪। ৬·১৩ টা. + ৬২·৫৬ টা + ৯০·৫৭ টা.

২৫। ১২·৯৪ টা. + ২৬·৬৫টা + ৩৩·২০ টা.

২৬। ৯৯·৯৫ টা. + ১০·৯৯ টা. + ১৭·৬১ টা.

২৭। বিয়োগ কর :—

(ক)	(খ)	(গ)
৮·০৫ টাকা	১৭·২৩ টাকা	৩৫·৫৬ টাকা
৪·৭৩ ,,	১৩·০১ ,,	২৭·০৫ ,,

(ঘ)	(ঙ)
৩৯ টাকা ২৯ পয়সা	৮২০ টাকা ৯ পয়সা
১৯ ,, ১০ ,,	৫৪ ,, ৩৭ ,,

(চ)	(ছ)
৪৫৭ টাকা ৬০ পয়সা	৭৭৭ টাকা ৭৭ পয়সা
৩৮১ ,, ৩৮ ,,	৩০৭ ,, ৮৩ ,,

(জ)	(ঝ)	(ঞ)
২০০·০০ টাকা	৪৪০·০০ টাকা	৫০০·০০ টাকা
১০০·১৫ ,,	২৭০·০১ ,,	৩০১·১০ ,,

২৮। ঠিক মত বসিয়ে বিয়োগ কর :—

(ক) ৯·৫৪ টাকা − ৭·৩২ টাকা (খ) ১৯·৭৫ টাকা − ১৬·৬৫ টাকা

(গ) ৭৮·০৩ টা. − ২৬·৭৫ টা. (ঘ) ১০·০০ টা. − ১·৯৯ টা.

(ঙ) ১৫৭·৪২ টা. − ৮৭·৭৮ টা. (চ) ২৯১·৬২ টা. − ১৮০·০০টা.

(ছ) ৬০২·২৬ টা. − ২৬০·২৫ টা. (জ) ৭২১·৯৫ টা. − ৫৫৯·৮৭টা.

(ঝ) ১০০·২৫ টা. − ১২·১০ টা.

(ঞ) ৩০৮ টা. ৫৮ পয়সা − ৮৮ টা. ৮ পয়সা

২৯। তুমি বাজারে গিয়ে ৬ টাকা ২৫ পয়সার মাছ, ১ টাকা ৩৫ পয়সার তরকারী ও ২ টাকা ৭৫ পয়সার অন্যান্য জিনিস কিনিলে। তোমার মোট কত খরচ হইল ?

৩০। একখানি বই এর দাম ১ টাকা ৫০ পয়সা, একটি কলমের দাম ২ টাকা ২৫ পয়সা ও একখানা খাতার দাম ৭৫ পয়সা ; এই তিনটি জিনিস কিনতে তোমার কত লাগিবে ?

৩১। তোমার নিকট ৩ টাকা ২৫ পয়সা, তোমার দাদার নিকট ৪ টাকা ৫০ পয়সা ও তোমার বোনের নিকট ১ টাকা ৮০ পয়সা আছে। তোমাদের তিন জনের নিকট মোট কত আছে ?

৩২। একটি জামার দাম ৭.২৫ টাকা একটি প্যাণ্টের দাম ৮.৭৫ টাকা ও একটি গেঞ্জির দাম ২.০০ টাকা হলে ঐ তিনটি কিনতে মোট কত টাকার প্রয়োজন হবে ?

৩৩। সরস্বতী পূজায় তোমাদের বিদ্যালয়ে (প্রথম) ১ম শ্রেণীতে ১০.৭০ টাকা, ২য় শ্রেণীতে ১৫.৯০ টাকা, ৩য় শ্রেণীতে ১৫.০০ টাকা, ৪র্থ শ্রেণীতে ১৬.৭৫ টাকা ও পঞ্চম শ্রেণীতে ১৭.৫০ টাকা আদায় হয়েছিল ; সরস্বতী পূজায় তোমাদের বিদ্যালয়ে মোট কত টাকা চাঁদা আদায় হয়েছিল ?

৩৪। একজন দোকানদার ২০ টা. ৭৫ পয়সার তৈল, ২৫ টাকা ৫০ পয়সার ডাল ও খইল এবং ২৩ টাকার অন্যান্য জিনিস বিক্রয় করিল। সে মোট কত বিক্রয় করিল ?

৩৫। ৫৫ টাকা ৬৭ পয়সা থেকে ১০ টাকা ৬২ পয়সা বিয়োগ কর।

৩৬। ২৫ টাকা ২০ পয়সার সঙ্গে কত যোগ করিলে ৮৮.০০ টাকা হইবে।

৩৭। ৭৩.৭৫ টাকা থেকে ৯০.০০ কত বেশী বা কম ?

৩৮। রামের নিকট ২০৫ টাকা আছে আর কত হইলে তার ৩৫০ টাকা হইবে।

৩৯। তুমি ২০ টাকা নিয়ে বাজারে যেয়ে ১০ টাকার চাল

৩ টাকা ৭৫ পয়সার মাছ ও ৫ টাকা ৩৭ পয়সার অন্যান্য জিনিস কিনিলে ; তোমার নিকট আর কত টাকা আছে ?

৪০। ১ টাকার একটি নোটের বদলে তোমাকে একটি সিকি, ২টি ২০ পয়সা ও ৫টি ৫ পয়সা দেওয়া হল, তুমি কত বেশী বা কম পেলে ?

৪১। রমেনের বাবার কাছে ২০৯ টাকা ২৩ পয়সা আছে। আর রমেনের কাছে আছে ১০০ টাকা ৭৫ পয়সা ; রমেনের চেয়ে রমেনের বাবার কত টাকা বেশী আছে ?

মিশ্র গুণ

(টাকা ও পয়সা)

(দশমিক মুদ্রার গুণ ও ভাগ)

টাকা ও পয়সাকে অন্য কোন সংখ্যা দিয়ে গুণ করিতে হলে অমিশ্র গুণের মতই করতে হয়। শুধু গুণফলে দুটি অঙ্ক আগে একটি দশমিক (˙) বিন্দু বসে।

উদাহরণ ১। (ক) একখানি কাপড়ের দাম ১২ টাকা ৫০ পয়সা হলে ৫ খানা কাপড়ের দাম কত ?

১২˙৫০ টাকা
× ৫
৬২˙৫০ টাকা

(খ) ৮ টাকা ২৭ পয়সা × ৮
৬৬ টাকা ১৬ পয়সা

প্রশ্নমালা—১২

গুণ কর :—

১। ৮ টাকা ৬৭ পয়সা × ৭ ২। ৯ টাকা ২৭ পয়সা × ৬

৩। ২৯ টা. ৫৬ প. × ৯ ৪। ৫৪ টা. ৪৫ প. × ১২

৫। ৭৭·৫০ টাকা × ২২ ৬। ১৭·২৫ টা. × ১৫

৭। ২৪·৯৫ টা. × ৭ ৮। ৮২·০৯ টা. × ১৩

৯। ৩৭ টা. ৭২ প. × ১৬ ১০। ৯০ টা. ১ প. × ১৮

১১। মুখে মুখে উত্তর দাও :—

(ক) একখানি পোস্ট কার্ডের মূল্য ১০ পয়সা হইলে ৬ খানা পোস্ট কার্ডের দাম কত ?

(খ) একটি পেন্সিলের দাম ২৫ পয়সা হলে ৫টি পেন্সিলের দাম কত ?

(গ) একটি জামার দাম ৬·২৫ টাকা হলে ৫টি জামার দাম কত ?

১২। একখানা বই এর দাম ২ টাকা ৫০ পয়সা হলে ৯ খানা বই এর দাম কত ?

১৩। একজন মজুর প্রতিদিন ৩ টাকা ৫০ পয়সা আয় করে। সে ৭ দিনে কত আয় করে ?

১৪। এক কি. গ্রা. চালের দাম ১ টাকা ৮০ পয়সা হলে ৬ কি. গ্রা. চালের দাম কত ?

১৫। একটি ছাতার দাম ১৬ টাকা ৩২ পয়সা ; ৬টি ছাতার দাম কত ?

১৬। প্রতি জোড়া জুতোর দাম ১২·৯৫ টা. হলে ৯ জোড়া জুতোর দাম কত ?

১৭। একটি ছাগলের দাম ২৫ টাকা ও একটি গরুর দাম ২৪৮ টাকা। ৭টি ছাগল ও ৮টি গরুর দাম একত্রে কত টাকা হবে ?

১৮। যদুর নিকট ৬০ টাকা ছিল। সে প্রতিটি জামা ৮ টাকা

২৫ পয়সা হিসাবে ৫টি জামা কিনিল। তার কাছে আর কত টাকা থাকল ?

১৯। একখানা বই এর দাম ২ টাকা ৯০ পয়সা হলে ৮ খানা বই কিনে ৩ খানা ১০ টাকার নোট দিলে তুমি কত ফেরৎ পাবে ?

মিশ্র ভাগ

(টাকা ও পয়সা)

সাধারণ সংখ্যা ভাগ করিবার সময় যেমন বড় সংখ্যা অর্থাৎ বা দিক থেকে ভাগের কাজ আরম্ভ করতে হয় তেমনি টাকা ও পয়সার ভাগ করতে গেলেও প্রথমে টাকাকে ও পরে পয়সাকে ভাগ করতে হয়।

উদাহরণ ১। ৭৯ টাকা ৭৫ পয়সাকে ৫ জন বালকের মধ্যে সমান ভাবে ভাগ করে দিলে প্রত্যেকে কত পাবে ?

```
৫ ) ৭৯ টা. ৭৫ প. ( ১৫ টা
    ৫
   ---
    ২৯
    ২৫
   ---
     ৪
   ×১০০
   ----
    ৪০০
